শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০
www.dscc.gov.bd

স্মারক নং- ৪৬.২০৭.০৩১.০৫.০০.২৮৮/২১-২৯৪/২১

তারিখঃ ৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

## সভার বিজ্ঞপ্তি

আগামী ১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ২৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ রোজ রবিবার বিকাল ৩:০০ ঘটিকায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ইনোভেশন টিমের আহবায়ক ও প্রধান নগর পরিকল্পনাবিদ **জনাব মোঃ সিরাজুল ইসলাম এর** সভাপতিত্বে নগর ভবনস্থ তুরাগ হলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ইনোভেশন টিমের 'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত' পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

24/08/21
**(নুরুল আলম)**
প্রোগ্রামার
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ঢাদসিক ( সদয় অবগতির জন্য)
২। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়র এঁর সদয় অবগতির জন্য)
৩। আহবায়ক, ইনোভেশন টিম ও প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাদসিক
৪। সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন কর্মকর্তা, ঢাদসিক (সভায় উপস্থিতি ও তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক ( প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। সদস্য, ইনোভেশন টিম ও উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাদসিক
৭। সদস্য, ইনোভেশন টিম ও নির্বাহী প্রকৌশলী (পিএন্ডডি), ঢাদসিক
৮। সহকারী প্রোগ্রামার, ঢাদসিক(সভায় উপস্থিতি এবং কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য)
৯। কেয়ার টেকার, নগর ভবন, ঢাদসিক (যথাসময়ে হলরুম প্রস্তুত এবং আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ)
১০। অফিস কপি।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০

www.dscc.gov.bd

# কার্যবিবরণী

'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত' পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভা কার্যবিবরনীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>আহবায়ক, ইনোভেশন টিম<br>ও প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| সভার স্থান | : | তুরাগ হল (কক্ষ নং-২১২), নগর ভবন |
| সভার তারিখ ও সময় | : | ১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ২৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ রোজ রবিবার<br>বিকাল ৩:০০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা(পরিশিষ্ট-ক)

সভার সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব নুরূল আলমকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সদস্য সচিব বলেন, ২০২১-২০২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্পরিকল্পনার ১.৪ কার্যক্রমের আওতায় 'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত' একটি পর্যালোচনা সভা করার জন্য নির্ধারিত রয়েছে।

এ বিষয়ে সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন কর্মকর্তা জনাব মোঃ আবু তৈয়ব রোকন কে বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

ইনোভেশন কর্মকর্তা 'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা এবং বর্তমান অবস্থা সভাকে অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্র.নং | ই-সেবার নাম/ সহজিকৃত সেবার নাম | ফলাফল | বর্তমান অবস্থা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০১ | ই-রেভেনিউ ম্যানেজমেন্ট সিস্টেম | অনলাইনের মাধ্যমে খুব সহজেই ঘরে বসে হোল্ডিং ট্যাক্স প্রদান করা যাচ্ছে। | সচল রয়েছে | | |
| ০২ | ই-ট্রেড লাইসেন্স | ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সেবা পেতে একজন সেবাগ্রহীতা অনলাইনে আবেদন, ফি পরিশোধ এবং ট্রেড লাইসেন্স এর সফট কপি সংগ্রহ করতে পারছে। | সচল রয়েছে | | |
| ০৩ | হিসাব অটোমেশন | হিসাব বিভাগের সকল কার্যক্রম অটোমেশনের আওতায় আনা হয়েছে। | সচল রয়েছে | | |
| ০৪ | ডিজিটাল বোর্ডে দৈনিক বাজারদর প্রদর্শন | কাঁচাবাজারের সামনে স্থাপিত ডিজিটাল বোর্ডে কেন্দ্রীয়ভাবে দৈনিক বাজারদর প্রদর্শন করা হচ্ছে। | ৮টি সচল রয়েছে | পর্যায়ক্রমে সকল কাঁচাবাজারে প্রদর্শনের ব্যবস্থা করা। | প্রধান রাজস্ব কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট |

| ক্র.নং | ই-সেবার নাম/ সহজিকৃত সেবার নাম | ফলাফল | বর্তমান অবস্থা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০৫ | স্মার্ট লাইটিং সিস্টেম | ঢাকা দক্ষিণের সকল সড়ক বাতি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ ও পরিচালন কেন্দ্রের মাধ্যমে স্বয়ংক্রীয়ভাবে বাতি অফ-অন করা হচ্ছে। | সচল রয়েছে | | |
| ০৬ | কবরস্থান ব্যবস্থাপনা সিস্টেম | পাইলটিং ভিত্তিতে আজিমপুর কবরস্থানে দাফনকৃত ব্যক্তিদের ডেটাবেজ তৈরী করা হচ্ছে। | সচল রয়েছে | আজিমপুর কবরস্থানে দাফনকৃত ব্যক্তিদের ডেটাবেজে অর্ন্তভূক্ত করা। | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ০৭ | মামলা ব্যবস্থাপনা সিস্টেম | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সকল মামলার ডাটাবেজ তৈরী হচ্ছে। | সচল রয়েছে | সকল মামলার তথ্যাদি ডাটাবেজে অর্ন্তভূক্ত করা। | আইন কর্মকর্তা |
| ০৮ | সম্পত্তি ব্যবস্থাপনা সিস্টেম | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সকল স্থাবর সম্পত্তির ডাটাবেজ তৈরী হচ্ছে। | সচল রয়েছে | সকল সম্পত্তির তথ্যাদি ডাটাবেজে অর্ন্তভূক্ত করা। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ০৯ | ডিএসসিসি লাইভ মনিটরিং | ফেসবুক লাইভ মনিটরিং টুলস এবং ওয়্যারলেস ওয়াকি-টকি সেট ব্যবহার করে মাঠ পর্যায়ের চলমান বর্জ্য অপসারণ, মশক নিয়ন্ত্রণ এবং প্রকৌশল বিভাগের উন্নয়ন কার্যক্রম সরাসরি নিয়ন্ত্রণ কক্ষ থেকে পর্যবেক্ষণ ও তদারকি করা হচ্ছে। | সচল রয়েছে | | |
| ১০ | অনলাইনের মাধ্যমে মশার প্রজননস্থল সনাক্তকরণ ও কীটনাশক প্রয়োগের নাগরিক সেবা। | অনলাইনে আবেদনের মাধ্যমে একজন সেবাগ্রহীতা মশার প্রজননস্থল সনাক্তকরণ ও কীটনাশক প্রয়োগের নাগরিক সেবা গ্রহণ করছে। | সচল রয়েছে | | |
| ১১ | অযান্ত্রিক যানবাহন ব্যবস্থাপনা সিস্টেম। | ১,১২,৯৯৮টি অযান্ত্রিক যানবাহন সিস্টেমের মাধ্যমে নিবন্ধন ও কিউআর কোডভিত্তিক নম্বর প্লেট ও রেজিষ্ট্রেশন কার্ড প্রদান করা হয়েছে। | সচল রয়েছে | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৮/২০২৩

**(মোঃ সিরাজুল ইসলাম)**
আহবায়ক, ইনোভেশন টিম
ও প্রধান নগর পরিকল্পনাবিদ,
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

স্মারকঃ ৪৬.২০৭.০৩১.০৫.০০.২৮৮/২১-২৯৪-(১-৮)/২১

তারিখঃ ০৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ঢাদসিক
২। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাদসিক
৩। প্রধান সম্পত্তি কর্মকর্তা
৪। আইন কর্মকর্তা, ঢাদসিক
৫। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়র এঁর সদয় অবগতির জন্য)
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক ( প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। সকল সদস্য, ইনোভেশন টিম
৮। অফিস কপি।

24/08/21

(নুরুল আলম)
প্রোগ্রামার
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন